দৈনিক
ইত্তেফাক

তারিখ .. 09 OCT 2016 ...
পৃষ্ঠা ..৩... কলাম ...৮......

# বেসরকারি শিক্ষক পদে নির্বাচিতদের তালিকা প্রকাশ আজ

■ ইত্তেফাক রিপোর্ট

এন্ট্রি লেভেলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক পদে আবেদনকারীদের মধ্য থেকে নির্বাচিতদের তালিকা আজ রবিবার প্রকাশ হবে। আবেদনকারীদের মধ্যে প্রায় ১৫ হাজার প্রার্থী নিয়োগ পাবেন। আজ বিকাল তিনটায় তালিকা ঘোষণা করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

এবার অনলাইনভিত্তিক নিয়োগ কার্যক্রমের অংশ হিসেবে ত্রিশ হাজারের বেশি শিক্ষা প্রতিষ্ঠানের কাছ থেকে শূন্য পদের তালিকা চায় নিবন্ধন কর্তৃপক্ষ। চলতি বছরের ৩০ জুন পর্যন্ত শূন্য পদের তালিকা দেয় প্রতিষ্ঠান প্রধানরা।

সূত্র মতে, ৬ হাজার ৫৬২টি প্রতিষ্ঠানের কাছ থেকে ১৫ হাজার ১২১টি শূন্য পদের জন্য অনলাইনে চাহিদা পেয়েছেন। চলতি বছরের ১৬ আগস্ট পর্যন্ত প্রার্থীদের কাছ থেকে ১৪ লাখের মতো আবেদন জমা পড়ে।

এর আগে বেসরকারি প্রতিষ্ঠানে সব ধরনের নিয়োগের ক্ষমতা ছিল প্রতিষ্ঠান পরিচালনা কমিটির হাতে। এখন শুধু অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক এবং মাদ্রাসার প্রধানসহ কর্মচারী নিয়োগের ক্ষমতা রয়েছে পরিচালনা কমিটির হাতে।